

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি মাধ্যমিক-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

স্মারক নং: ৩৭.০০.০০০০.০৭২.৪৪.০০১.২০২১-৩৫৮


তারিখ: ০৭ পৌষ ১৪২৯ বঙ্গাব্দ
২২ ডিসেম্বর ২০২২ খ্রিষ্টাব্দ

বিষয়: কিশোরগঞ্জ জেলার মিঠামইন উপজেলাধীন ঘাগড়া আবদুল গণি উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক এর চুক্তিভিত্তিক নিয়োগের জন্য মতামতসহ প্রতিবেদন প্রেরণ।

সূত্র : মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৩৭.০২.০০০০.১০৭.৩১.১৭৮.২০২১.১৮৬৮ তারিখ: ০২.১১.২০২২ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কিশোরগঞ্জ জেলার মিঠামইন উপজেলাধীন ঘাগড়া আবদুল গণি উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক জনাব মো: সাইফুল ইসলাম (ইনডেক্স নম্বর-২৭৯২২০) এর বয়স ০৫.১১.২০২২ তারিখে ৬০ বছর পূর্ণ হবে। বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল ও কলেজ) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা ২৮ মার্চ ২০২১ এর ১১.১১ ধারা অনুযায়ী প্রতিষ্ঠান পরিচালনা কমিটি উক্ত প্রধান শিক্ষকের চাকুরীর মেয়াদ ০৫.১১.২০২২ হতে পরবর্তী ০৩ (তিন) বছর চুক্তিভিত্তিক মেয়াদ বৃদ্ধি করতঃ অনুমোদনের জন্য মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের মাধ্যমে এ বিভাগে প্রেরণ করেছেন।

০২। এমতাবস্থায়, কিশোরগঞ্জ জেলার মিঠামইন উপজেলাধীন ঘাগড়া আবদুল গণি উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষকের চাকরি ০৫.১১.২০২২ তারিখ থেকে পরবর্তী ০৩ (তিন) বছর চুক্তি ভিত্তিক মেয়াদ বৃদ্ধির বিষয়ে মতামতসহ বিস্তারিত প্রতিবেদন প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


(মোঃ মিজানুর রহমান)
উপসচিব
ফোন: ৯৫৪৫০৩২

ই-মেইল: ds_sec2@moedu.gov.bd


চেয়ারম্যান
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

স্মারক নং: ৩৭.০০.০০০০.০৭২.৪৪.০০১.২০২১-৩৫৮

তারিখ: ০৭ পৌষ ১৪২৯ বঙ্গাব্দ
২২ ডিসেম্বর ২০২২ খ্রিষ্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। যুগ্মসচিব, বেসরকারি মাধ্যমিক অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]।
- ৪। অতিরিক্ত সচিব (মাধ্যমিক-২) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।
- ৫। প্রধান শিক্ষক/সভাপতি, ঘাগড়া আবদুল গণি উচ্চ বিদ্যালয়, মিঠামইন, কিশোরগঞ্জ।
- ৬। অফিস কপি।


(মোঃ মিজানুর রহমান)
উপসচিব